হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
বর্ষ ৩ ঃ সংখ্যা-১৭৭ ঃ মেহেরপুর- শনিবার ৫ জুলাই ২০২৫ ইং ঃ ২১ আষাঢ় ১৪৩২ বাংলা ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা

সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজ
স্বপ্ন অধ্যয়ন অধ্যবসায়
স্থাপিতঃ-২০১৮
গাংনী, মেহেরপুর



বিয়ে একটি সুন্দর বিষয়: নয়নতারা - পৃষ্ঠা-৩




## ৫ জুলাই : চার দফার ভিত্তিতে অনলাইন-অফলাইনে জনসংযোগ চালান সমন্বয়করা

সূর্যোদয় প্রতিবেদক

২০২৪ সালের ৫ জুলাই ছিল শুক্রবার। এদিন সরকারি চাকরিতে কোটা বাতিল সংক্রান্ত চার দফা দাবির ভিত্তিতে অনলাইন ও অফলাইনে জনসংযোগ কর্মসূচি পালন করেন 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের' সমন্বয়করা। এই জনসংযোগ সারা দেশেই সমন্বিতভাবে চালানো হয়।
এর আগের দিন বৃহস্পতিবার (৪ জুলাই) সন্ধ্যায় রাজধানীর শাহবাগ মোড় অবরোধ প্রত্যাহারের আগে 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের' অন্যতম সমন্বয়ক নাহিদ ইসলাম তিন দিনের নতুন কর্মসূচি ঘোষণা করেন।
তিনি বলেন, 'আজচার দফার ভিত্তিতে অনলাইন ও অফলাইনে আমাদের জনসংযোগ কর্মসূচি চলবে, এটা সারাদেশেই সমন্বিতভাবে করা হবে।'
নাহিদ ইসলাম বলেন, 'যেভাবে আমাদের চার দফা দাবিতে আন্দোলন চলছে, সেভাবেই তা চলতেই থাকবে। এখন পর্যন্ত নির্বাহী বিভাগ বা সরকারের কোনো দপ্তর থেকে আমাদের সঙ্গে যোগাযোগ করা হয়নি এবং কোনোরকম আশ্বস্তও করেনি। এজন্য দাবি আদায় না হওয়া পর্যন্ত আমাদের কর্মসূচি চলবেই।'
তিন দিনের কর্মসূচি তুলে ধরে দিয়ে নাহিদ ইসলাম বলেন 'শুক্রবার (৫ জুলাই) চার দফা দাবির ভিত্তিতে অনলাইন ও অফলাইনে আমাদের জনসংযোগ কর্মসূচি চলবে।
শনিবার (৬ জুলাই) সব বিশ্ববিদ্যালয় ও কলেজ থেকে বিকেল ৩টায় বিক্ষোভ মিছিল বের করা হবে। রোববার (৭ জুলাই) সব কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোতে ক্লাস পরীক্ষা বর্জনের মতো ধর্মঘট

২-এর পৃষ্ঠা দেখুন

### ছয় মাসে ২১টি বোমা উদ্ধার

# আতঙ্কে জনজীবন



→ বিভিন্ন বাড়িতে বোমার পাশাপাশি কাফনের কাপড়, আগরবাতি, সাবান ও হুমকিসংবলিত চিরকুট রেখে আতঙ্ক ছড়ানো হচ্ছে।

→ এলাকাবাসীর অভিযোগ, এসব ঘটনার পরও পুলিশ শুধু বোমা উদ্ধারেই সীমাবদ্ধ থেকে গেছে।

→ অপরাধীদের শনাক্ত বা গ্রেপ্তারে তেমন কোনো অগ্রগতি নেই

গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনীতে আইনশৃঙ্খলা পরিস্থিতির মারাত্মক অবনতি ঘটেছে। গত ছয় মাসে ২১টি বোমা উদ্ধার এবং অন্তত তিনটি বিস্ফোরণের ঘটনা ঘটেছে। প্রতিনিয়ত বোমা রেখে চাঁদা দাবি ও প্রাণনাশের হুমকি দেয়া হচ্ছে। বিভিন্ন বাড়িতে বোমার পাশাপাশি কাফনের কাপড়, আগরবাতি, সাবান ও হুমকিসংবলিত চিরকুট রেখে আতঙ্ক ছড়ানো হচ্ছে।
এলাকাবাসীর অভিযোগ, এসব ঘটনার পরও পুলিশ শুধু বোমা উদ্ধারেই সীমাবদ্ধ থেকে গেছে। অপরাধীদের শনাক্ত বা গ্রেপ্তারে তেমন কোনো অগ্রগতি নেই। এতে সাধারণ মানুষের মধ্যে চরম ক্ষোভ ও নিরাপত্তাহীনতা বিরাজ করছে। স্থানীয়রা জানান, গাংনী এক সময় চরমপন্থী অধ্যুষিত এলাকা হিসেবে পরিচিত ছিল। হত্যাকাণ্ড, চাঁদাবাজি ও দখলদারিত্ব ছিল নিত্যনৈমিত্তিক ঘটনা। প্রশাসনের কঠোর পদক্ষেপে পরিস্থিতির উন্নতি হলেও সম্প্রতি আবারও পুরনো সেই চিত্র ফিরে এসেছে। এখনই গোয়েন্দা তৎপরতা বাড়িয়ে সুনির্দিষ্ট অভিযান চালানোর দাবি জানান তারা।
একের পর এক ঘটনা : গত ১ জুলাই রাতে পোড়াপাড়া-যুগিন্দা সড়কে গরু ও সবজি ব্যবসায়ীদের ওপর বোমা ফাটিয়ে ডাকাতির ঘটনা ঘটে। ডাকাতরা ব্যবসায়ীদের মারধর করে ৫০ হাজার টাকা লুট করে। এতে কয়েকজন আহত হন। ২৬ জুন সকালে উপজেলার নওদা মটমুড়া গ্রামে বিএনপি অফিসের সামনে দুটি বোমা সদৃশ বস্তু উদ্ধার করা হয়। এর আগের রাতেই গাংনী থানার অদূরে বিল্লাল নার্সারির কাছে গণডাকাতির ঘটনা ঘটে। ১৭ জুন চরগোয়াল গ্রামের ঘাটপাড়ায় এক মুদি দোকানের সামনে থেকে পরিত্যক্ত অবস্থায় বোমা সদৃশ বস্তু ও একটি হুমকিসংবলিত চিরকুট উদ্ধার করে পুলিশ। ২ জুন বামুন্দী ইউনিয়নের সাবেক ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি আব্দুর রশিদের বাড়ির সামনে বোমা ও চিরকুট রেখে যায় দুর্বৃত্তরা। ১২ মে সেনাবাহিনীর অভিযানে চোখতোলা মাঠ এলাকা থেকে একটি পিস্তল, পাঁচটি ককটেল বোমা ও ৪০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। অভিযানে অংশ নেন মেজর ফারহান ও লেফটেন্যান্ট মিনহাজ। ৩ মে রাতে পাকুড়িয়া-খড়মপুর সড়কে ডাকাতি হয়। স্থানীয়দের প্রতিরোধে ডাকাতরা বোমা বিস্ফোরণ ঘটিয়ে পালিয়ে যায়। ২৭ এপ্রিল রাইপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাদ থেকে তিনটি বোমা সদৃশ বস্তু উদ্ধার করা হয়। একইভাবে ১ মার্চ ও ২৮ ফেব্রুয়ারি তারিখে ব্রিজ ও রাস্তায় বোমা রেখে আতঙ্ক সৃষ্টি

২-এর পৃষ্ঠা দেখুন



মালেক স্টোর উচ্ছেদ হলেও বাঁধা এখন 'মফিজ ফল'

## গাংনী সড়ক উন্নয়ন থমকে জমি জটিলতায়


রাব্বি আহমেদ

মেহেরপুর-কুষ্টিয়া ফোরলেন সড়কের গাংনী বাসস্ট্যান্ড এলাকায় প্রায় এক বছর ধরে থমকে রয়েছে সড়ক নির্মাণ কাজ। নির্মাণের গুরুত্বপূর্ণ ক্রসিং পয়েন্টে জমি-সংক্রান্ত বিরোধের কারণে জনগণের চলাচলে বিরূপ প্রভাব পড়ছে। ঝুঁকিপূর্ণ হয়ে ওঠা সড়কটি এখন পরিণত হয়েছে 'মৃত্যুফাঁদে'।
সড়ক ও জনপথ (সওজ) বিভাগ সূত্রে জানা যায়, প্রকল্পটি একনেক অনুমোদিত হলেও জেলা পরিষদের জমিতে থাকা 'মালেক স্টোর' উচ্ছেদ নিয়ে শুরু হয় জটিলতা। আদালতের নির্দেশে অবশেষে মালেক স্টোর উচ্ছেদ করা হলেও, পাশের আরেকটি দোকান 'মফিজ ফল ও মিস্টান্ন ভান্ডার' এখনো উচ্ছেদ না হওয়ায় পুরো প্রকল্প আবার থমকে গেছে। স্থানীয় সূত্র জানায়, মালেক স্টোরের জায়গা উচ্ছেদের পর সেখানে নতুনভাবে দোকান বসানোর চেষ্টা চললে ১০ মার্চ সংঘর্ষ, হামলা ও

২-এর পৃষ্ঠা দেখুন

## গণতন্ত্র পুনরুদ্ধারে 'রক্তাক্ত জুলাই পথ দেখাবে': মাসুদ অরুণ

সূর্যোদয় প্রতিবেদক



বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ বলেছেন, "গণতন্ত্র পুনরুদ্ধারে রক্তাক্ত জুলাই আমাদের পথ দেখাবে। এই মাসের শহিদদের রক্তই একটি নতুন বাংলাদেশের ভিত্তি রচনা করেছে।"
বৃহস্পতিবার রাতে একটি বেসরকারি টেলিভিশন চ্যানেলের আলোচনায় অংশ নিয়ে তিনি বলেন, "জনগণের রক্তের বিনিময়ে গড়া এই আন্দোলনের পথেই ভবিষ্যতের গণতান্ত্রিক বাংলাদেশ নির্মাণ হবে।" বিএনপির এই নেতা অভিযোগ করেন, বর্তমান সরকার মিথ্যা প্রচারের মাধ্যমে বিএনপির বিরুদ্ধে ধারাবাহিক অপপ্রচার চালিয়ে যাচ্ছে। মাসুদ অরুণ বলেন, "সরকারের মদদপুষ্ট কিছু গণমাধ্যম উদ্দেশ্যপ্রণোদিতভাবে বিএনপি নেতাকর্মীদের নিয়ে মিথ্যা তথ্য ছড়িয়ে বিভ্রান্তি সৃষ্টি করছে। গণমাধ্যম যদি নিরপেক্ষতা হারায়, তাহলে জনগণ সত্য জানতে পারবে না এবং গণতন্ত্র চরমভাবে দুর্বল হয়ে পড়বে।" তিনি বলেন, "গণতান্ত্রিক রাজনীতিতে সমালোচনা থাকবেই। কিন্তু তা যদি মিথ্যা ও বিকৃত হয়, তাহলে সেটি রাজনৈতিক প্রতিহিংসায় পরিণত হয়। রাজনীতি হতে হবে

২-এর পৃষ্ঠা দেখুন

## মুজিবনগরে পুলিশের বিশেষ অভিযানে গ্রেফতার ২

মুজিবনগর প্রতিনিধি

মেহেরপুরের মুজিবনগর উপজেলায় পুলিশের বিশেষ অভিযানে দুইজন আসামিকে গ্রেফতার করা হয়েছে। বৃহস্পতিবার (৩জুলাই) রাত ১২টার পর মুজিবনগর থানা পুলিশ উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে একজন নিয়মিত মামলার আসামি এবং একজনকে ফৌজদারি কার্যবিধির ৫৪ ধারায় গ্রেফতার করে।
গ্রেফতারকৃতরা হলেন মুজিবনগর উপজেলার মানিকনগর মাদ্রাসা পাড়ার মৃত শাহজাহান মাস্টারের ছেলে জাফর সাদেক (৩৮) এবং

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে বিএনপির ৩১ দফা বাস্তবায়নে গণসংযোগ

মেহেরপুর প্রতিনিধি

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-এর ৩১ দফা কর্মসূচি বাস্তবায়নের অংশ হিসেবে মেহেরপুর শহরের বড় বাজার এলাকায় গণসংযোগ ও লিফলেট বিতরণ কর্মসূচি পালিত হয়েছে। শুক্রবার (৪ জুলাই) সকালে জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে "জুলাই গণঅভ্যুত্থান" স্মরণে অংশগ্রহণমূলক আইডিয়া প্রতিযোগিতা

সূর্যদয় প্রতিবেদন

জুলাই গণঅভ্যুত্থানের গৌরবময় ইতিহাস স্মরণে এবং তরুণ প্রজন্মকে গণতন্ত্র, সৃজনশীলতা ও সামাজিক উদ্যোগে সম্পৃক্ত করতে মেহেরপুরে আয়োজিত হতে যাচ্ছে এক ব্যতিক্রমধর্মী আইডিয়া প্রতিযোগিতা। "আমার চোখে জুলাই বিপ্লব" শিরোনামের এই প্রতিযোগিতাটি আয়োজন করছে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, যার সার্বিক তত্ত্বাবধানে রয়েছে মেহেরপুর জেলা পরিষদ।
প্রতিযোগিতায় মেহেরপুর জেলার ১৫ থেকে ৩০ বছর বয়সী শিক্ষার্থী, যুব সংগঠনের সদস্য,

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজবিনগরে আগুনে গাভীর মৃত্যু, ক্ষতি ৩ লক্ষাধকি টাকা

মেহেরেপুর প্রতনিধি

মেহেরেপুররে মুজবিনগর উপজলোর আনন্দবাস গ্রামে ভয়াবহ অগ্নকিাণ্ডে একটি গাভী পুড়ে মারা গছে। সেই সাথে ভস্মীভূত হয়েছে ঘররে আসবাবসহ যাবতীয় সামগ্রী। এতে প্রায় ৩ লক্ষাধকি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে। শুক্রবার (৫ জুলাই) গভীর রাতে মুজিবনগরের আনন্দবাস গ্রামের মন্ডলপাড়ার কাওসার আলীর বাড়িতে এ ঘটনা

২-এর পৃষ্ঠা দেখুন

### আঙুর বাগানে সাফল্যের গল্প

## ইউটিউবই ছিল দেলোয়ারের শিক্ষক

নিজস্ব প্রতিবেদক



ইন্টারনেট-ভিত্তিক আধুনিক প্রযুক্তি এখন বাংলাদেশের কৃষিখাতেও নতুন সম্ভাবনার দুয়ার খুলে দিচ্ছে। ইউটিউবের মতো সামাজিক মাধ্যম শুধুই যে বিনোদনের উৎস এই ধারণা এখন অতীত। এই প্ল্যাটফর্ম হয়ে উঠছে জ্ঞান অর্জন, দক্ষতা বৃদ্ধির অন্যতম মাধ্যম। এমনই একটি অনুপ্রেরণার গল্প তৈরি করেছেন মেহেরপুর জেলার গাংনী উপজেলার জুগিন্দা গ্রামের প্রবাসফেরত যুবক দেলোয়ার হোসেন।
দেলোয়ার হোসেন দীর্ঘদিন বিদেশে ছিলেন। দেশে ফিরে চাকরির পেছনে না ঘুরে কিছু করার দৃঢ় সংকল্প নিয়ে তিনি কৃষির দিকে ঝুঁকে পড়েন। তবে সাধারণ কোনো কৃষিপণ্য নয়, তিনি বেছে নেন একসময় বাংলাদেশে দুর্লভ বিবেচিত আঙুর চাষকে। তার এই উদ্যোগের পেছনে মূল অনুপ্রেরণা আসে ইউটিউব ভিডিও দেখে। প্রযুক্তি আর অধ্যবসায়ের সমন্বয়ে দেলোয়ার এখন গাংনী উপজেলার একজন সফল কৃষি উদ্যোক্তা হিসেবে পরিচিত। কয়েক বছর আগে ভারতের পশ্চিমবঙ্গের করিমপুরে এক আত্মীয়ের বাড়িতে বেড়াতে

২-এর পৃষ্ঠা দেখুন

## হত্যার সন্দেহে দাফনের পথে গৃহবধূর লাশ আটকাল পুলিশ

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ার মিরপুরে আগুনে দগ্ধ হয়ে এক গৃহবধূর মৃত্যু নিয়ে রহস্য দেখা দিয়েছে। শুক্রবার সকালে দাফনের উদ্দেশ্যে গোরস্থানে নেওয়ার পথে পুলিশের সন্দেহে লাশ আটকে দেওয়া হয়।
নিহত শিলা খাতুন (২০) মিরপুর উপজেলার ধুবইল ইউনিয়নের কাঙালী মোড় এলাকার আমিরুল ইসলামের মেয়ে। দুই বছর আগে তার বিয়ে হয় দৌলতপুর উপজেলার শেরপুর সেনপাড়া গ্রামের ওয়ার্কশপ মিস্ত্রি আলামিনের সঙ্গে। সম্প্রতি তাদের একটি সন্তান হয়।
স্বজনদের দাবি, গত ২৯ জুন শ্বশুরবাড়ি থেকে জানানো হয়, শিলা শরীরে আগুন দিয়ে

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনী উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক পলাশ গ্রেপ্তার

গাংনী প্রতিনিধি



মেহেরপুরের গাংনী উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক শফি কামাল পলাশকে গ্রেপ্তার করেছে মেহেরপুর ডিবি পুলিশ। শুক্রবার (৪ জুলাই) দুপুর আড়াইটার দিকে গাংনী শহরের উত্তরপাড়ায় নিজ বাসা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃত শফি কামাল পলাশ উত্তরপাড়া এলাকার কাওছার আলীর ছেলে ও গাংনী পাইলট স্কুল অ্যান্ড কলেজের প্রভাষক। মেহেরপুর ডিবি পুলিশের ওসি গোপাল কর্মকার বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, ২০২৪ সালের ৩০ জুলাই সন্ধ্যায় 'বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন'-এর নেতৃবৃন্দ গাংনী উপজেলা পরিষদ চত্বরে শহীদ ছাত্রদের আত্মার মাগফিরাত কামনায় মোমবাতি প্রজ্বালন কর্মসূচিতে অংশ নেন। ওই সময় ছাত্রলীগ, যুবলীগ ও স্বেচ্ছাসেবক লীগের নেতাকর্মীরা দেশীয় অস্ত্রসহ ওই কর্মসূচিতে

২-এর পৃষ্ঠা দেখুন

## প্রেমের প্রস্তাব প্রত্যাখ্যান: অ্যাসিড নিক্ষেপে নারী ও শিশুসহ দগ্ধ ৩

যশোর প্রতিনিধি

যশোরের ঝিকরগাছায় প্রেমের প্রস্তাব প্রত্যাখ্যান করায় অ্যাসিড নিক্ষেপের ঘটনা ঘটেছে। এতে নারী ও শিশুসহ একই পরিবারের তিনজন দগ্ধ হয়েছেন। বৃহস্পতিবার (৩ জুলাই) রাত ৯টার দিকে গদখালী ইউনিয়নের মঠবাড়ি গ্রামে এ ঘটনা ঘটে।
আহতরা হলেনড়রাহেলা খাতুন (৪৮), তাঁর মেয়ে রিপা খাতুন (২৬) ও ছেলে ইয়ানূর (৮)। তাঁরা মঠবাড়ি গ্রামের জামাত আলীর পরিবারের সদস্য। রাহেলার স্বামী জামাত আলী জানান, স্থানীয় মাঠপাড়া গ্রামের ফজলুল হকের কাজের লোক জসিম দীর্ঘদিন ধরে তাঁর মেয়ে রিপাকে প্রেমের প্রস্তাব

২-এর পৃষ্ঠা দেখুন

### অনুবাক্য

মেহেরপুরে আত্মহত্যার রেকর্ডঃ
মামুনুর রশিদ মামুন

ছোট জেলা বাংলাদেশের
ছোট বলে কথা
আত্মহত্যায় এগিয়ে আছে
স্বাধীনতার মেহেরপুর জেলা।
দুঃখ কষ্ট সবই আছে
থাকবেও এটা ঠিক
সময় থাকতে গড়েনে তুই
জীবন গড়ার দিক।
মৃত্যুর ঝুকির কারন গুলি
দেখতে হবে খুজে
সরকার থেকে উদ্যোগ নিলে
আসবে মৃত্যু কমে।



## কালীগঞ্জে প্রভাব খাটিয়ে সাব-রেজিস্ট্রার অফিস নির্মাণ

ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহের কালীগঞ্জ শহরের আড়পাড়া এলাকায় প্রভাব খাটিয়ে জোরপূর্বক উপজেলা সাব-রেজিস্ট্রার অফিস নির্মাণের অভিযোগ উঠেছে। নতুন ভবন উদ্বোধনের সময় জমির মালিকদের বাধার মুখে তা স্থগিত হয়। জমির মালিকদের সঙ্গে কথা বলে ফিরে যেতে বাধ্য

২-এর পৃষ্ঠা দেখুন

## চুয়াডাঙ্গার উথলীতে মালবাহী ট্রেন লাইনচ্যুত

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গার উথলীতে চিটাগুড়বাহী একটি মালবাহী ট্রেন লাইনচ্যুত হওয়ায় খুলনার সঙ্গে সারাদেশের রেল যোগাযোগ সাময়িকভাবে বন্ধ হয়ে গেছে। শুক্রবার (৪ জুলাই) বিকেল সাড়ে ৫টার দিকে উথলী রেলস্টেশনের ডাউন হোম সিগন্যালের কাছে এ দুর্ঘটনা ঘটে।
স্থানীয় সূত্রে জানা গেছে, মোংলা বন্দর থেকে ছেড়ে আসা সিরাজগঞ্জ বাজারগামী ট্রেনটি উথলী স্টেশনে প্রবেশ করার সময় ক্রসিং শেষে মূল লাইনে ওঠার মুহূর্তে গার্ডব্রেক অংশের একটি বগির পেছনের চারটি চাকা লাইনচ্যুত হয়ে পড়ে। এতে ট্রেনটি কিছুদূর এগিয়ে থেমে যায়। দুর্ঘটনার খবর পেয়ে রেলওয়ের সংশ্লিষ্ট টিম দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় এবং নিরাপত্তা নিশ্চিত করে বিকেল পৌনে ৬টার দিকে লাইনচ্যুত বগি ফেলে দিয়ে ট্রেনটির বাকি ওয়াগন দর্শনার উদ্দেশ্যে রওনা দেয়। উথলী রেলস্টেশনের স্টেশন মাস্টার মিন্টু কুমার রায় বলেন, "ঘটনার পরপরই ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে। তাদের নির্দেশনা অনুযায়ী উদ্ধার কাজ শুরু হবে।" তিনি আরও জানান, "খুলনা থেকে উদ্ধারকারী টিম রওনা দিয়েছে। পরিস্থিতি স্বাভাবিক হতে আরও কয়েক ঘণ্টা লাগতে পারে।" রেলওয়ের যান্ত্রিক বিভাগ খুলনার

২-এর পৃষ্ঠা দেখুন




## ঝিনাইদহে ১৮৫টি কমিউনিটি ক্লিনিকে ওষুধ নেই, বেতন নেই

ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহের ১৮৬ টি কমিউনিটি ক্লিনিকে ৯ মাস ধরে কোন ওষুধ নেই। ওষুধ না থাকার কারণে গ্রামাঞ্চলের মানুষ প্রাথমিক স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত হচ্ছেন। কমিউনিটি হেলথ প্রোভাইডারা বেতন পান না ৬ মাস যাবৎ। মৃত্যুর পর ১১৬ জন প্রোভাইডার অবসর সুবিধাও

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ শনিবার ॥ ২১ আষাঢ় ১৪৩২ বাংলা ॥ ৫ জুলাই ২০২৫ইং

# সাইবার নিরাপত্তায় তরুণ আছিমের ঝলক



নিজস্ব প্রতিবেদক

ডিজিটাল যুগে প্রযুক্তির বিকাশ যেমন আমাদের জীবনকে সহজ করেছে, ঠিক তেমনি অনলাইনে সাইবার অপরাধের হুমকিও দিনদিন বেড়ে চলেছে। প্রযুক্তির আলোয় ঢাকা এই অন্ধকার দিক থেকে রক্ষা পেতে এখন সময় এসেছে সচেতনতার। মেহেরপুরের গাংনী উপজেলার তরুণ প্রযুক্তিবিদ আছিম হোসেন লিয়ন সেই কাজের সামনে থেকে নেতৃত্ব দিচ্ছেন, যার লক্ষ্য দেশের প্রতিটি নাগরিককে অনলাইন দুনিয়ায় নিরাপদ ও সুরক্ষিত করে তোলা। ২০১৮ সাল থেকে সাইবার সিকিউরিটি নিয়ে কাজ শুরু করা আছিম হোসেন লিয়ন আজ দেশের অন্যতম প্রখ্যাত সাইবার সিকিউরিটি এজেন্সি "ঈুনবৎঝবহঃরহবষ-ওঞ" এর প্রতিষ্ঠাতা ও প্রধান এবং "বাংলাদেশ সাইবার ডিফেন্স" টিমের সহ-প্রতিষ্ঠাতা। তার এই টিম শুধু প্রযুক্তি ব্যবহারে দক্ষতা বাড়ানোর জন্য নয়, সাইবার অপরাধ থেকে সাধারণ মানুষকে রক্ষার জন্যও নিবেদিত। বাংলাদেশে সাইবার অপরাধ যেমন হ্যাকিং, ফেক আইডি, অনলাইন প্রতারণা, ব্ল্যাকমেইলিং দিন দিন বেড়ে চলেছে। এ প্রেক্ষাপটে আছিম ও তার টিম দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিনামূল্যে সেমিনার ও ওয়ার্কশপের মাধ্যমে তরুণদের সচেতন করছে। "সোশ্যাল মিডিয়ায় নিরাপদ থাকা, ব্যক্তিগত তথ্যের সুরক্ষা ও অনলাইন প্রতারণা চিনতে শেখা" এই কর্মশালার মূল বিষয়বস্তু। আছিম বলেন, "যারা আজকের ছাত্রছাত্রী তারা আগামী দিনের নাগরিক। তাদের সাইবার নিরাপত্তার বিষয়ে সচেতন না করলেই হবে না। কারণ আজকের ছোট্ট ভুল আগামীতে বিপুল ক্ষতির কারণ হতে পারে।" সাইবার সুরক্ষা বিষয়ে দেশের বিভিন্ন জায়গায় কাজ করার পাশাপাশি আছিম হোসেন লিয়নের নেতৃত্বাধীন টিম

২-এর পৃষ্ঠা দেখুন



## কাজু বাদাম খাওয়ার যত উপকার

সূর্যোদয় প্রতিবেদন

দানাদার খাবারের মধ্যে কাজু বাদামের জুড়ি নেই। কাজু বাদাম চিবিয়ে ও রান্না করেও খাওয়া যায়। এটি রান্নায় স্বাদ বৃদ্ধি করে। বিশেষ করে ফিরনি, সেমাইয়ে অনন্য স্বাদ যোগ করে। কাজু বাদামে এত পরিমাণে প্রোটিন পাওয়া যায়, যা প্রায় রান্না করা মাংশে পাওয়া প্রোটিনের সমান। এ ছাড়া এতে অনেক বেশি পরিমাণে ফাইবার থাকে এবং শর্করার পরিমাণ কম থাকে। আসুন জেনে নিই কাজু বাদামের কিছু অসাধারণ উপকারি সম্পর্কে

১. অ্যান্টিঅক্সিডেন্ট সমৃদ্ধ : কাজু বাদামকে অ্যান্টিঅক্সিডেন্টের পাওয়ার হাউস হিসেবে বিবেচনা করা হয়। আর অ্যান্টিঅক্সিডেন্ট হৃদরোগ, চোখের বিভিন্ন রোগ ও স্মৃতিশক্তিজনিত যে কোনো সমস্যা প্রতিরোধে সহায়তা করে। এ ছাড়া অ্যান্টিঅক্সিডেন্টের ফলে ত্বকের সৌন্দর্য বজায় থাকে এবং চোখের দৃষ্টিশক্তি বাড়ে। ২. ওজন কমায়: অন্যান্য বাদামে বেশি পরিমাণে ক্যালোরি এবং ফ্যাট থাকে বলে সেগুলো ওজন বৃদ্ধিতে সহায়তা করে।

তবে গবেষণায় দেখা গেছে যে, কাজু বাদামে যে পরিমাণ ক্যালোরি থাকে, তার ৮৪ শতাংশই হজম করতে এবং শুষে নিতে পারে মানব দেহ। এ ছাড়া এটি প্রোটিন ও ফাইবার সমৃদ্ধ হওয়ায় ক্ষুধা কমাতে এবং পেটভরা রাখতে সহায়তা করে বলে ওজন কমার সম্ভাবনা থাকে অনেক। ৩. হার্টের জন্য উপকারী: স্ট্রোক ও হৃদরোগের ঝুঁকি কমাতে উপকারী হিসেবে কাজ করে কাজু বাদাম। এ ছাড়া একটি গবেষণায় দেখা গেছে যে, কাজু বাদাম নিয়মিত খেলে রক্তচাপ ও ট্রাইগ্লিসারাইডের মাত্রা কমিয়ে হার্টের স্বাস্থ্য উন্নত করতে সহায়তা করে।



## পাসপোর্ট পাচার: ভারতীয় ট্রাকচালক বেনাপোলে আটক সাইবেরিয়া ভিসাযুক্ত ২০টি বাংলাদেশি পাসপোর্ট উদ্ধার

বেনাপোল প্রতিনিধি

বেনাপোল স্থলবন্দরে একটি ভারতীয় ট্রাকচালকের ব্যাগ থেকে সাইবেরিয়া ভিসাযুক্ত ২০টি বাংলাদেশি পাসপোর্ট উদ্ধার করেছে নিরাপত্তা কর্মীরা। শুক্রবার (৩ জুলাই) রাত ১১টার দিকে ভারতীয় ট্রাক ডাব্লিউবি-২৫ এফ ৪৩১০ বাংলাদেশের কার্গো টার্মিনালে প্রবেশ করলে তল্লাশির সময় এসব পাসপোর্ট পাওয়া যায়।

৩-এর পৃষ্ঠা দেখুন

## সারাদেশে পুলিশের বিশেষ অভিযান গ্রেফতার ১৪৮৭

সূর্যোদয় প্রতিবেদন

রাজধানী ঢাকাসহ সারাদেশে গত ২৪ ঘণ্টায় পুলিশের চলমান বিশেষ অভিযানে মোট ১ হাজার ৪৮৭ জনকে গ্রেফতার করা হয়েছে। এর মধ্যে বিভিন্ন মামলার এবং ওয়ারেন্টভুক্ত আসামি ১ হাজার ১৫ জন এবং অন্যান্য অপরাধে জড়িত ৪৭২ জন রয়েছে।

শুক্রবার পুলিশ সদর দফতরের এআইজি (মিডিয়া অ্যান্ড পিআর) ইনামুল হক সাগর এ তথ্য জানান।

তিনি আরও জানান, অভিযানে একটি চায়না এসএমজি, চারটি একনলা বন্দুক, একটি রিভলব-ার, একটি ওয়ান শুটারগান, একটি ম্যাগাজিন, একটি সিলিং,

৩-এর পৃষ্ঠা দেখুন



## নৈরাজ্য ও মব জাস্টিস বন্ধ না হলে নির্বাচনে অংশ নয়: জামায়াত আমির

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডাঃ শফিকুল ইসলাম বলেছেন, "সরকার যদি দেশে চলমান মব জাস্টিস এবং নৈরাজ্য দমন করতে না পারে, তাহলে একটি সুষ্ঠু নির্বাচন কখনোই সম্ভব নয়। এরকম পরিস্থিতিতে নির্বাচনে অংশগ্রহণ করাও বাস্তবসম্মত হবে না।" শুক্রবার সকালে নীলফামারীর সৈয়দপুর বিমানবন্দরে সাংবাদিকদের

৩-এর পৃষ্ঠা দেখুন

## অস্বস্তি বাড়াচ্ছে চালের দাম

সূর্যোদয় প্রতিবেদন



চাল নিয়ে দেশের বাজারে ফের অস্থিরতা দেখা দিয়েছে। সরকার গুদামে চালের মজুত বাড়ালেও খুচরা বাজারে নাজিরশাইল, কাটারি নাজির, জিরাশাইল ও মিনিকেটসহ সরু চালের দাম বেড়েই চলেছে। একই সঙ্গে বেড়েছে মাঝারি ও মোটা চালের দামও। এতে বিপাকে পড়েছেন সাধারণ ক্রেতারা। ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশ (টিসিবি) ও রাজধানীর শান্তিনগর, মালিবাগ, মানিকনগরসহ বিভিন্ন বাজার ঘুরে দেখা গেছে, গত এক মাসে চালের দাম বেড়েছে ৫ থেকে ১০ শতাংশ পর্যন্ত। গত বছরের একই সময়ের তুলনায় এই বৃদ্ধি ১৬ শতাংশ পর্যন্ত।

এক সপ্তাহ আগেও যে সরু চাল বিক্রি হয়েছে কেজি প্রতি ৭০ টাকায়, এখন সেই চাল কিনতে হচ্ছে ৭৫ টাকায়। গত বছর এই সময়ে একই চালের দাম ছিল ৬০/৬৫ টাকা। টিসিবির হিসাবে, এই চালের দাম গত বছরের তুলনায় ১৫.৯৪ শতাংশ বেশি। মাঝারি চালের বাজারেও একই চিত্র। কিছু দিন আগেও যে চাল ৫৬ টাকায় পাওয়া যেত, তা এখন ৬০ টাকায় বিক্রি হচ্ছে। টিসিবি বলছে, এক বছরে এই মানের চালের দাম বেড়েছে ১৩.৬৩ শতাংশ। মোটা চাল কিনতে এখন কেজি প্রতি লাগছে কমপক্ষে ৫৫ টাকা, যা এক সপ্তাহ আগেও ছিল ৫০ টাকা। এক বছরের ব্যবধানে দাম বেড়েছে প্রায় ১৫

৩-এর পৃষ্ঠা দেখুন



## ঢাকায় মানবাধিকার অফিস খোলার বিষয়ে চুক্তির খসড়া বিবেচনায় জাতিসংঘ

সূর্যোদয় প্রতিবেদন

জাতিসংঘ মানবাধিকার বিষয়ক হাইকমিশনারের কার্যালয়ের একটি শাখা অফিস ঢাকায় চালুর বিষয়ে চুক্তির খসড়া এখন জাতিসংঘের চূড়ান্ত বিবেচনার পর্যায়ে রয়েছে। ইতোমধ্যে বাংলাদেশ সরকার ও জাতিসংঘের মধ্যে চার দফায় খসড়া চুক্তি আদান-প্রদান হয়েছে। বিষয়টি নিশ্চিত করেছেন প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা মোঃ তৌহিদ হোসেন।

বৃহস্পতিবার (৩ জুলাই) পররাষ্ট্র মন্ত্রণালয়ে এক প্রেস ব্রিফিংয়ে তিনি সাংবাদিকদের বলেন, "চুক্তিটি এখনও খসড়া পর্যায়ে রয়েছে। যখন

৩-এর পৃষ্ঠা দেখুন

## ডেঙ্গুতে নতুন আক্রান্ত ২০৪ অর্ধেকই বরিশাল বিভাগের

সূর্যোদয় প্রতিবেদন

গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছেন ২০৪ জন। এর মধ্যে অর্ধেকই আক্রান্ত হয়েছেন বরিশাল বিভাগে। তবে এ সময়ে ডেঙ্গু আক্রান্ত হয়ে কারও মৃত্যুর ঘটনা ঘটেনি।

শুক্রবার (৪ জুলাই) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোলরুম থেকে পাঠানো ডেঙ্গুবিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় যারা ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন তাদের মধ্যে বরিশাল বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) ১০১ জন, চট্টগ্রাম বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) ৯ জন, ঢাকা বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) ২২ জন রয়েছেন। এছাড়া ঢাকা উত্তর

৩-এর পৃষ্ঠা দেখুন



## হিমাচলে টানা বৃষ্টিতে ভয়াবহ বন্যা-ভূমিধস: প্রাণহানি ৬৩, মানবিক বিপর্যয়ের আশঙ্কা

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের- হিমাচল প্রদেশে টানা বৃষ্টিপাতের ফলে ভয়াবহ বন্যা ও ভূমিধসের সৃষ্টি হয়েছে। এই দুর্যোগে এখন পর্যন্ত অন্তত ৬৩ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। নিখোঁজ রয়েছেন আরও বহু মানুষ। প্রবল বৃষ্টির ফলে ক্ষতিগ্রস্ত হয়েছে রাজ্যের যোগাযোগব্যবস্থা, বিদ্যুৎ সরবরাহ এবং জনজীবন।

শুক্রবার (৪ জুলাই) ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভির প্রতিবেদনে জানানো হয়, টানা প্রবল বর্ষণের কারণে সৃষ্ট মেঘভাঙা বৃষ্টি, আকস্মিক বন্যা ও ভূমিধসে এখন পর্যন্ত কমপক্ষে ৬৩ জন প্রাণ হারিয়েছেন। রাজ্য সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে, প্রাথমিকভাবে প্রায় ৪০০

৩-এর পৃষ্ঠা দেখুন

## ৪৪তম বিসিএসের ফলাফল পুনর্বিবেচনার দাবিতে শাহবাগ অবরোধ

সূর্যোদয় প্রতিবেদন

৪৪তম বিসিএসের ফলাফল পুনর্বিবেচনার দাবিতে শাহবাগ মোড় অবরোধ করেছেন অসন্তুষ্ট চাকরি প্রার্থীরা।

গতকাল শুক্রবার বিকাল ৫টার দিকে তারা এ কর্মসূচি শুরু করেন। অবরোধের কারণে শাহবাগ এবং এর আশপাশের এলাকায় তীব্র যানজটের সৃষ্টি হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে আইনশৃঙ্খলা বাহিনী

৩-এর পৃষ্ঠা দেখুন

## এবার বাঙ্কার বাস্টার ক্ষেপণাস্ত্র তৈরি করছে ভারত

সূর্যোদয় প্রতিবেদন



ভারত তার সামরিক সক্ষমতা বাড়াতে এবার বাঙ্কার বাস্টার ধরনের শক্তিশালী ক্ষেপণাস্ত্র তৈরির উদ্যোগ নিয়েছে। দেশটির প্রতিরক্ষা গবেষণা সংস্থা ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ডিআরডিও) অগ্নি-৫ এর নতুন ভার্সন

৩-এর পৃষ্ঠা দেখুন

## অফলাইনে যেভাবে ব্যবহার করবেন গুগল ম্যাপ

আমাদের সূর্যোদয় প্রতিবেদন



গুগলের জনপ্রিয় ফিচার গুগল ম্যাপ এখন পুরোবিশ্বকে হাতের মুঠোয় এনে দিয়েছে। বিশ্বের কোনো শহর কিংবা রাস্তা এখন আর অচেনা নয়। তবে এখন আপনার ফোনে ইন্টারনেট সংযোগ না থাকলেও গুগল ম্যাপ ব্যবহার করতে পারবেন।

এভাবে গুগল ম্যাপ ব্যবহার করতে আগে থেকেই ঠিকানা সেভ করে রাখতে হবে। তারপরই আপনি ঠিকানা খুঁজতে পারবেন। এই ফিচার তখনই কাজে লাগবে যখন আপনি কোনো রিমোট জায়গায় যাবেন। আর সেখানে যদি নেটওয়ার্কের সমস্যা থাকে। সেভ করে রাখা সেই ম্যাপের সাহায্যে নেভিগেশন ব্যবহার করতে পারবেন। এরপর সেখানকার ডিরেকশন পেয়ে যাবেন। এমনকি ডাউনলোড করে রাখা সেই ম্যাপ থেকে লোকেশন সার্চও করতে পারবেন। তবে গুগল ম্যাপ সেখানে রিয়েল-টাইম ট্রাফিক ডিটেল, হাঁটা বা বাইসাইক্লিংয়ের ডিরেকশন বা বিকল্প রাস্তার সন্ধান সেখানে দেখাবে না। চলুন তবে জেনে নেওয়া যাক কীভাবে অফলাইনে ব্যবহারের জন্য গুগল ম্যাপ ডাউনলোড করবেন- প্রথমে আপনার ফোনে থাকা গুগল ম্যাপ অ্যাপটি খুলুন। সেখানে ডান দিকের ঠিক কর্নারে থাকা আপনার প্রোফাইল আইকনে

৩-এর পৃষ্ঠা দেখুন



## রাশিয়ার কাছে প্রথম স্বীকৃতি পেলো তালেবান

সূর্যোদয় প্রতিবেদন

বিশ্বের প্রথম দেশ হিসেবে রাশিয়া আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি দিলো আফগানিস্তানে তালেবান শাসিত সরকারকে। তালেবান সরকারকে স্বীকৃতি দিয়ে রাশিয়া কেবল একটি কূটনৈতিক সিদ্ধান্তই নেয়নি, বরং এটি বিশ্ব রাজনীতিতে একটি গুরুত্বপূর্ণ মোড়।

৩ জুলাই, বৃহস্পতিবার কাবুলে রুশ রাষ্ট্রদূত দিমিত্রি ঝিরনভ এবং তালেবান সরকারের পররাষ্ট্রমন্ত্রী আমির খান মুত্তাকির মধ্যে বৈঠকের মাধ্যমে এই স্বীকৃতির আনুষ্ঠানিক ঘোষণা আসে। বৈঠকের পর রুশ পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতিতে বলা হয়, "আমরা বিশ্বাস করি,

৩-এর পৃষ্ঠা দেখুন




ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কতৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, শনিবার, ৫ জুলাই ২০২৫ ইং

## মানবিক ইউএনও খায়রুল ইসলামের দৃষ্টান্ত

একজন অসহায় মায়ের জীবনে যখন চারদিকে শুধুই অন্ধকার, তখন তার পাশে দাঁড়ানো প্রশাসনের এক কর্মকর্তা যেন একটুকরো আলো হয়ে উঠলেন। মেহেরপুর সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা (ইউএনও) খাইরুল ইসলাম মদিনা খাতুন নামের এক বৃদ্ধার পরিবারের পাশে দাঁড়িয়ে যে মানবিকতা দেখিয়েছেন, তা সত্যিই প্রশংসনীয়। মদিনা খাতুন দীর্ঘদিন ধরে পৌরসভার এক কোণে অস্থায়ীভাবে বাস করছেন। একমাত্র ছেলে ক্যান্সারে মারা যাওয়ার পর তার পরিবার পড়ে চরম দুর্দশায়। খাবারের অভাবে দিন কাটছে তার, পুত্রবধূ এবং ছোট নাতনির। স্থানীয় সংবাদকর্মীদের মাধ্যমে খবর পেয়ে ইউএনও সরেজমিনে গিয়ে খাদ্যসামগ্রী ও অর্থ সহায়তা দেন এবং সরকারি সহায়তা পাওয়ার আশ্বাস দেন।
এ ঘটনা আবারও প্রমাণ করে, প্রশাসনের দায়িত্ব শুধু আইনি শৃঙ্খলা নয়, বরং মানুষের দুঃখে-সুখে পাশে থাকা। ইউএনও খাইরুল ইসলাম দেখিয়েছেন, সহানুভূতি আর দায়িত্বশীলতা মিলিলে সমাজে পরিবর্তন সম্ভব। তবে প্রশ্ন থেকে যায় এমন অসংখ্য পরিবার আমাদের আশপাশে রয়েছে, যাদের খবর হয়তো আমরা পাই না। তাই সমাজসেবা ও স্থানীয় প্রশাসনের মধ্যে সমন্বয় আরও জোরদার করতে হবে। একইসঙ্গে সমাজের বিত্তবানদের এগিয়ে আসতে হবে।একজন ইউএনও'র উদ্যোগ যদি একটি পরিবারে আশার আলো জ্বালাতে পারে, তাহলে সম্মিলিত প্রয়াসে সমাজে মানবিকতার আলো আরও বিস্তৃত হবে। আমাদের প্রত্যাশা, প্রশাসনের এই মানবিক মুখ আরও প্রসারিত হোক, যেন কেউ না থাকে অনাহারে ও অবহেলায়।

## গাংনী সড়ক উন্নয়ন থমকে জমি

মামলার ঘটনাও ঘটে। এ নিয়ে এলাকায় উত্তেজনা ও উদ্বেগ তৈরি হয়েছে।
গাংনী উপজেলার স্থানীয় বাসিন্দা আব্দুল আলিম বলেন, "প্রতিদিন হাজার হাজার মানুষ এই সড়ক দিয়ে যাতায়াত করে। রাস্তার এই বেহাল অবস্থা যেকোনো সময় বড় দুর্ঘটনার কারণ হতে পারে।" ব্যবসায়ী আল মামুন ক্ষোভ প্রকাশ করে বলেন,"মালেক স্টোর উচ্ছেদ হলেও পাশের দোকান রয়ে গেছে, কেন? নিশ্চয়ই কারও স্বার্থ জড়িত রয়েছে।" আরেক ব্যবসায়ী মিজানুর রহমান বলেন, "একটা ছোট দোকানের জন্য কোটি টাকার প্রকল্প বন্ধ! এটা সাধারণ মানুষের জন্য কষ্টদায়ক ও হতাশাজনক।" আরেক ব্যবসায়ী বলেন স্থানীয় ব্যবসায়ী-রা ক্ষোভ প্রকাশ করে বলছেন, সরকার কোটি কোটি টাকা ব্যয় করেও যখন প্রশাসনিক সমন্বয়ের অভাবে উন্নয়ন থমকে যায়, তখন ভোগান্তির শিকার হয় সাধারণ মানুষ। এই পরিস্থিতি দ্রুত সমাধান না হলে গাংনীবাসীকে দীর্ঘ সময় ধরে দুর্ভোগ পোহাতে হবে। স্থানীয় প্রশাসন, জেলা পরিষদ ও সড়ক বিভাগের মধ্যে দ্রুত সমন্বয় এবং যৌথ জরিপের মাধ্যমে প্রকল্পটি পুনরায় চালু করাই এখন সময়ের দাবি। গাংনী বাজার কমিটির সভাপতি সালাউদ্দিন শাওন বলেন, "এই অচলাবস্থা গাংনী বাজারের যান চলাচল ও ব্যবসায়িক পরিবেশ মারাত্মকভাবে ব্যাহত করছে। জরুরি ভিত্তিতে যৌথ জরিপ ও সঠিক সিদ্ধান্ত দরকার।" সওজ-এর উপসহকারী প্রকৌশলী মিজানুর রহমান বলেন, "আমরা বহুবার জেলা পরিষদকে অনুরোধ করেছি জমির সীমানা নির্ধারণে। তারা জরিপের দিন ঠিক করে আবার বাতিল করে দেয়। ফলে কাজ দীর্ঘদিন ধরে বন্ধ।" তিনি আরও জানান, "জমি জটিলতার কারণে সরকারি জমি দখল হয়ে যাচ্ছে, যা নিরাপত্তাজনিত হুমকিও তৈরি করছে।" জেলা প্রশাসক সিফাত মেহনাজ বলেন, "এই জায়গাটি জেলা পরিষদের অধীন এবং নিয়ম অনুযায়ী ইজারা দিয়ে আসছে। সওজ যদি জায়গা ব্যবহার করতে চায়, তাহলে নিয়ম মেনে আবেদন করতে হবে।" তবে সওজ-এর দাবি, জমিটি তাদের মালিকানাধীন এবং ১২ মার্চ জেলা পরিষদকে যৌথ জরিপের আহ্বান জানিয়ে চিঠি দিলেও এখনো কোনো সাড়া মেলেনি।

## আতঙ্কে জনজীবন

করা হয়। ২১ ফেব্রুয়ারি রাতে মানিকদিয়া মাঠে পরপর তিনটি বোমা বিস্ফোরিত হয়। গাংনী থানার ওসি বনি ইসরাইল বলেন, "বোমা রেখে হুমকি, বিস্ফোরণ ও উদ্ধারএসব ঘটনা তদন্তাধীন। অপরাধীদের শনাক্ত করে আইনের আওতায় আনার চেষ্টা চলছে। টহলও বাড়ানো হয়েছে।" তবে স্থানীয়দের দাবি, "কেবল টহল নয়, গোয়েন্দা তৎপরতা বাড়িয়ে সুনির্দিষ্ট অভিযান চালাতে হবে। না হলে গাংনী আবারও চরমপন্থী ও সন্ত্রাসীদের অভয়ারণ্য হয়ে উঠবে।"

## ৫ জুলাই : চার দফার ভিত্তিতে

পালন করা হবে।'
আন্দোলনের আরেক সমন্বয়ক হাসনাত আবদুল্লাহ বলেন, 'আগামীকাল শুক্রবারেও আমাদের কর্মসূচি বন্ধ থাকবে না, আমরা অনলাইন ও অফলাইনে আমাদের চার দফা দাবিকেন্দ্রিক ব্যাপক প্রচারণা চালাবো। শনিবার বিক্ষোভ মিছিল ও রোববার সারা দেশের উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠানে ক্লাস-পরীক্ষা বর্জন কর্মসূচি পালন করবো আমরা। দাবি আদায় না হওয়া পর্যন্ত আমাদের কর্মসূচি চলবেই।'
ইতোমধ্যে সমন্বয়কদের আহ্বানে সাড়া দিয়ে কর্মসূচিগুলোতে সাধারণ শিক্ষার্থীরা ব্যাপক হারে সভা-সমাবেশে অংশগ্রহণ করতে থাকেন। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের প্রতিটি ব্যাচের শিক্ষার্থীরা ৪ থেকে ৫ জুলাইয়ের মধ্যে অভিন্ন বিজ্ঞপ্তি দিয়ে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ক্লাস-পরীক্ষা বর্জনের আহ্বানে একাত্মতা পোষণ করেন।
এটা দেশের প্রায় সকল বিশ্ববিদ্যালয়েও ব্যাপক সাড়া ফেলে। সামাজিক যোগাযোগমাধ্যমে বিষয়টি ব্যাপক প্রচার হয়। কোন কোন বিভাগ ক্লাস-পরীক্ষা বর্জন করেছে, ফেসবুকে তার হালনাগাদ তালিকা প্রকাশ করেন সমন্বয়করা।
এদিন সরকারি চাকরিতে কোটাব্যবস্থা বাতিলের জারিকৃত সরকারি পরিপত্রের অংশবিশেষ অবৈধ ঘোষণা করে হাই কোর্টের দেওয়া রায়ে গভীর উদ্বেগ প্রকাশ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিএনপি-জামায়াতপন্থী শিক্ষকদের সংগঠন সাদা দল। এক বিবৃতিতে সংগঠনটি শিক্ষার্থীদের চলমান আন্দোলনের প্রতি সমর্থনও জানায়।

## মাসুদ অরুণ

তথ্যনির্ভর, যুক্তিসংগত ও আদর্শভিত্তিক।" দলের আদর্শিক অবস্থান তুলে ধরে মাসুদ অরুণ বলেন, "বিএনপি পথ হারায়নি। আমাদের প্রতিষ্ঠাতা শহীদ জিয়াউর রহমান বলেছিলেন, 'দলের চেয়ে দেশ বড়।' বেগম খালেদা জিয়া বলেছিলেন, 'বিদেশে আমাদের কোনো প্রভু নেই।' আর তারেক রহমান ঘোষণা দিয়েছেন, 'সবার আগে বাংলাদেশ।' এই তিনটি বক্তব্যই বিএনপির মূলনীতি ও জাতীয় স্বার্থকেই প্রতিফলিত করে।"তিনি আরও বলেন, "গত ১৭ বছর ধরে বিএনপি গণতন্ত্রের জন্য লড়ছে। অনেক নেতাকর্মী গুম, খুন, নির্যাতনের শিকার হয়েছেন। জুলাইয়ের আন্দোলনে যাঁরা শহিদ হয়েছেন, তাঁদের রক্ত বৃথা যেতে পারে না। সেই রক্তের ঋণ শোধ করতে হলে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা করতে হবে।" সরকারের বিরুদ্ধে কঠোর ভাষায় সমালোচনা করে তিনি বলেন, "গত ১৫ বছরে শেখ হাসিনার সরকার ভারতের তাবেদারিতে দেশ চালাচ্ছে। জনগণের ভোটাধিকার কেড়ে নিয়ে দেশে কার্যত একদলীয় শাসন কায়েম করেছে। নির্বাচন ব্যবস্থাকে দলীয় নিয়ন্ত্রণে নিয়ে আসা হয়েছে।" তিনি দাবি করেন, "গণতন্ত্র পুনরুদ্ধার না হলে দেশ কার্যত এক নয়া দাসত্বের শিকারে পরিণত হবে। আমরা সেই অবস্থা থেকে জাতিকে রক্ষা করতে চাই।" মাসুদ অরুণ বলেন, "গণঅভ্যুত্থান হয়েছে গণতন্ত্রের জন্য। সেই গণতন্ত্র রক্ষায় অবিলম্বে নিরপেক্ষ সরকারের অধীনে একটি অংশগ্রহণমূলক নির্বাচন দিতে হবে।"

## মেহেরপুরে "জুলাই গণঅভ্যুত্থান"

বিতার্কিক ও সাংস্কৃতিক কর্মীরা অংশগ্রহণ করতে পারবেন। বিশেষভাবে নারীদের অংশগ্রহণে অগ্রাধিকার দেওয়া হবে বলে আয়োজকরা জানিয়েছেন।আয়োজক সূত্রে জানা গেছে, প্রতিযোগিতায় জমা পড়া আইডিয়াগুলোর মধ্য থেকে নির্বাচিত সেরা আইডিয়াগুলো জেলা পরিষদের তত্ত্বাবধানে সংশ্লিষ্ট দলের মাধ্যমেই বাস্তবায়ন করা হবে। প্রস্তাবিত আইডিয়াগুলো সৃজনশীল, সামাজিকভাবে গুরুত্বপূর্ণ, বাস্তবায়নযোগ্য ও প্রাসঙ্গিক হতে হবে। প্রতিটি আইডিয়া সর্বোচ্চ ১২ পৃষ্ঠার মধ্যে উপস্থাপন করতে হবে, যাতে তার উদ্ভাবনী দিক, বাস্তবায়নযোগ্যতা, প্রাসঙ্গিকতা ও সম্ভাব্য সামাজিক প্রভাব স্পষ্টভাবে উল্লেখ থাকবে। প্রতিযোগিতায় অংশগ্রহণে আগ্রহীরা আগামী ৮ জুলাই ২০২৫ এর মধ্যে মেহেরপুর জেলা পরিষদে সরাসরি অথবা sobujbi-plob@lgd.gov.bd ই-মেইল ঠিকানায় জমা দিতে পারবেন।

# পলিথিন: সভ্যতার বন্ধন নাকি ভবিষ্যতের অভিশাপ?

রাব্বি আহম্মেদ



প্লাস্টিক আবিষ্কারের শুরুটা ছিল বিপ্লবী। ১৮৬২ সালে বৃটিশ বিজ্ঞানী আলেকজান্ডার পার্কিস সেলুলোজ থেকে প্রথম প্লাস্টিক তৈরি করেন। পরবর্তীতে নানা রকম রাসায়নিক সংমিশ্রণে এই কৃত্রিম উপাদান তৈরি হয়, যার সুবিধা টেকসই, সস্তা, হালকা, বহুমুখী এবং সহজলভ্য। ফলে খেলনা, মোড়ক, বোতল, বৈদ্যুতিক যন্ত্রাংশ থেকে শুরু করে মহাকাশযান পর্যন্ত প্লাস্টিকের জয়জয়কার। কিন্তু এই আরামদায়ক উপাদানটির ভয়াবহ দিকটি আমরা অনেকেই অবহেলা করি।
প্লাস্টিক ও পলিথিন শত শত বছরেও মাটিতে গলতে চায় না। কোমল পানীয়ের বোতল, বাজারের পলিথিন ব্যাগ কিংবা টুথব্রাশ সবই আমাদের পরিবেশে দুই থেকে পাঁচ শতাব্দী পর্যন্ত থেকে যায়। এর ভয়াবহ প্রভাব পড়ছে মাটি, পানি, নদী এবং সর্বোপরি আমাদের শরীরে। গবেষণা বলছে, প্লাস্টিকে গরম খাবার রাখলে 'বিসফেনল-এ' নামক রাসায়নিক নির্গত হয় যা ক্যান্সার, বন্ধ্যাত্ব, শিশু বিকলাঙ্গতা, হরমোনজনিত সমস্যা এবং মস্তিষ্কের বিকাশে বাধা সৃষ্টি করে। বিশ্বব্যাংকের তথ্যমতে, বাংলাদেশের ২৫% প্লাস্টিক বর্জ্য পুনর্ব্যবহার হয় না। শুধু মেহেরপুর শহরেই প্রতিদিন লক্ষাধিক পলিথিন ব্যাগ ব্যবহারের পর ফেলে দেওয়া হয়। এসব বর্জ্য নালা-নর্দমা বন্ধ করে জলাবদ্ধতা সৃষ্টি করে, নদী-নালার প্রবাহ কমায় এবং প্লাস্টিক কণা বৃষ্টির মাধ্যমে নদী ও সাগরে গিয়ে পানির প্রাণীদের মৃত্যুর কারণ হয়। পলিথিনের ক্ষতি উপলব্ধি করেই বাংলাদেশ ২০০২ সালে বিশ্বে প্রথমবারের মতো এই দ্রব্য নিষিদ্ধ করে। প্রথম দিকে কিছুটা সাড়া মিললেও পরে আইনের প্রয়োগ ও সচেতনতার অভাবে আবারও পরিস্থিতি আগের জায়গায় ফিরে আসে। বর্তমানে বাংলাদেশ বিশ্বে প্লাস্টিক বর্জ্য উৎপাদনে দশম। সমাধান হিসেবে 'চারটি আর' নীতির ওপর জোর দেওয়া জরুরি প্রত্যাখ্যান, ব্যবহার কমানো, পুনরায় ব্যবহার এবং পুনরুৎপাদন। পাশাপাশি কাগজ ও পাটজাত বিকল্পের ব্যবহার বাড়াতে হবে। পাটের ব্যবহার বাধ্যতামূলক করতে যেমন আইন হয়েছে, তেমনি অন্যান্য ক্ষেত্রেও আইন প্রয়োগ জরুরি। প্লাস্টিক রিসাইকেলকারী প্রতিষ্ঠানগুলোকে প্রণোদনা দিয়ে উৎসাহিত করতে হবে। অপরদিকে, যত্রতত্র বর্জ্য ফেলার প্রবণতা রোধে কড়া জরিমানা ও শাস্তির বিধান কার্যকর করতে হবে। কারণ, একটি অপচনশীল ব্যাগের সুবিধা হয়তো এক মিনিটের, কিন্তু ক্ষতি শত বছরের।আজকের পদক্ষেপই নির্ধারণ করবে, আমরা ভবিষ্যৎ প্রজন্মের জন্য বাসযোগ্য পৃথিবী রেখে যাচ্ছি, নাকি এক মৃত্যুপুরী।(মেহেরপুর জেলা প্রতিনিধি, নাগরিক টিভি ও কালের কণ্ঠ)

# সফলতা আমলের ওপর নির্ভরশীল

মাওলানা মাহ্‌মূদুল হাসান

মানুষের দুনিয়া-আখেরাতের কামিয়াবি ও সফলতা তার আমলের ওপর নির্ভরশীল। কাজ করলে ফল পাওয়া যাবে, এটা সর্বজনস্বীকৃত। দুনিয়ার সব মানুষ দুনিয়াবি সফলতার জন্য কাজ করে, কিন্তু আখেরাতের সফলতার জন্য কাজ করতে রাজি নয়। আখেরাতের বেলায় কাজ না করে ফল চায়। মনে রাখতে হবে, আমল ছাড়া সফলতা আসে না। আর শুধু আমল করলেই সফল হওয়া যাবে না, বরং আমল করার আগে আমলের নিয়মকানুন সম্পর্কে জানতে হবে এবং আমলগুলো সহিহ-শুদ্ধভাবে সম্পাদন করতে হবে। দুনিয়াবি যোগ্যতা অর্জনের ব্যাপারে মানুষ নিয়মনীতি মেনে চলে। যেমন বাবুর্চি কাজ করার আগে প্র্যাকটিস করে সে সম্পর্কে দক্ষতা অর্জন করে, তারপর বাবুর্চিগিরি করতে যায়। তার অভিজ্ঞতা সম্পর্কে জেনে তারপর নিয়োগ দেয়। কিন্তু দীনের কাজের ব্যাপারে এ বিষয়ে যথেষ্ট শিথিলতা দেখা যায়। মনে হয় শেখার মনমানসিকতাই নেই। দুনিয়াবি মাসয়ালা-মাসায়েলের এবং দীনি মাসয়ালা-মাসায়েলের মধ্যে অনেক পার্থক্য রয়েছে। দুনিয়ার মাসয়ালা-মাসায়েল হলো মানুষের চিন্তাপ্রসূত। এটা পরিবর্তন-পরিবর্ধনশীল; স্থান-কাল-পাত্র-ভেদে তা পরিবর্তন হয়। কিন্তু দীনের মাসয়ালা-মাসায়েল মানুষের চিন্তাপ্রসূত নয়; বরং সেগুলো স্বয়ং আল্লাহপাক তাঁর রসুলের মাধ্যমে মানুষকে জানিয়েছেন। তাই সেগুলো পরিবর্তন-পরিবর্ধনশীল নয়। সেগুলো সর্বদা একই নিয়মে চলে। স্থান-কাল-পাত্র কিংবা বিশেষ কোনো ব্যক্তির কারণে তাতে কোনোরূপ পরিবর্তন হয় না। সুতরাং দুনিয়াবিষয়ক মাসয়ালা-মাসায়েলের তুলনায় দীনি মাসয়ালা-মাসায়েল জানার জন্য আরও বেশি আগ্রহের সঙ্গে মেহনত করা প্রয়োজন। প্রতিটি আমলের ক্ষেত্রে ইসলামের সুনির্দিষ্ট বিধিবিধান ও মাসয়ালা রয়েছে, সেসব মাসয়ালা অবশ্যই জানতে হবে এবং আমলটি ওই মাসয়ালা মোতাবেক হলো কি না, সেদিকেও লক্ষ রাখতে হবে। আমল দুনিয়াবি হোক কিংবা আখেরাতের লক্ষ্য রাখতে হবে, আমলটি মাসয়ালা মোতাবেক হলো কিনা? মাসয়ালা মোতাবেক হলে আমলটি গৃহীত হবে, অন্যথায় গৃহীত হবে না। আমাদের অবস্থা হলো আমাদের মাঝে আমলের আগ্রহ নেই। আর যাদের আমলের আগ্রহ আছে, তাদের আমল সম্পর্কে জরুরি জ্ঞান নেই, আবার যাদের জ্ঞান আছে, তাদের জ্ঞানমোতাবেক আমল নেই। আল্লাহপাক আমাদের যথাযথভাবে আমলের তাওফিক দান করুন। সব আমলের মধ্যে নামাজ একটি অতিশয় গুরুত্বপূর্ণ আমল। তাই নামাজের জরুরি মাসয়ালা-মাসায়েল জানা আবশ্যক এবং নামাজ সেই ইলম মোতাবেক হলো কি না, সেদিকে লক্ষ করে খুব ভালোভাবে নামাজ পড়া উচিত। অল্প নামাজও যদি সুন্নত মোতাবেক হয়, তাহলে অল্পই কাজে আসবে। কারণ আমল আল্লাহর দরবারে গৃহীত হওয়ার জন্য সুন্নত মোতাবেক হওয়া জরুরি। সুতরাং আমাদের ইলম শিখতে হবে এবং সে মোতাবেক আমল করতে হবে। নামাজের মধ্যে হাত কীভাবে রাখতে হবে, রুকু-সিজদা কীভাবে করতে হবে, সেগুলো জানা জরুরি। এগুলো ছোট ছোট মাসয়ালা; অনেকেই এগুলো সঠিকভাবে জানেন না। এ সম্পর্কে আলোচনা করলে অনেকে মনে করেন, সব ছোট ছোট মাসয়ালা আবার আলোচনা করতে হয় নাকি? এগুলো তো আমরা জানিই। এমন ধারণা ঠিক নয়। হাদিস শরিফে মাগরিবের নামাজ ছোট ছোট সুরা দিয়ে পড়ার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। ছোট সুরা হচ্ছে 'আলাম তারা' 'ইন্না আতাইনা' 'কুল হুওয়াল্লাহু' ইত্যাদি। কারণ সব মুসল্লি কোরআন শরিফ পড়তে পারে না। তাই মুসল্লিগণ যাতে বারবার এ সুরাগুলো শুনে মুখস্থ করে নিতে পারে এবং যাদের পড়া অশুদ্ধ তারা যেন শুনে শুনে শুদ্ধ করে নিতে পারে, সেজন্য মাগরিবের নামাজে ছোট সুরা পড়ার নির্দেশ দেওয়া হয়েছে। অনেক ইমাম সাহেবকে দেখা যায়, তারা নামাজে কেরাতের সুন্নত নিয়মের প্রতি গুরুত্ব দেন না। মাগরিবের নামাজেও কোরআন শরিফের মাঝখান থেকে বড় সুরা কিংবা বড় সুরার অংশ পড়ে থাকেন। কারণ জিজ্ঞেস করলে তারা বলেন, ছোট ছোট সুরা পড়লে মুসল্লিরা মনে করবে যে ইমাম সাহেব বেশি বড় আলেম নন। নামাজে বড় সুরা পড়লে মুসল্লিরা মনে করবে, ইমাম সাহেব বড় আলেম; তাই নামাজে বড় সুরা পড়ে। যেমন কেউ তরকারি পাকানোর সব মসলা দেওয়া হলো, কিন্তু লবণ দেওয়া হলো না, এতে যেমন তরকারির স্বাদ নষ্ট হয়ে যায়, ঠিক তেমনি যদি নামাজের সব ফরজ, ওয়াজিব আদায় করা হয়, কিন্তু সুন্নতের গুরুত্ব না দেওয়া হয়, সুন্নত মোতাবেক নামাজ আদায় না করা হয়, তাহলে নামাজেরও একই অবস্থা হয়। যে নামাজে সুন্নত নেই, সেই নামাজ কোনো দিন ইখলাসপূর্ণ নামাজ হতে পারে না।

## মুজবিনগরে আগুনে গাভীর মৃত্যু

ঘটে। কাওসার আলী জানান, রাতে গোয়ালঘরে জ্বালানো মশার কয়লে থকে আগুনরে সূত্রপাত ঘটে। মুর্হূতেই তা গোয়ালঘর থেকে ঘরে ছড়িয়ে পড়ে। অগ্নকিাণ্ডে একটি গাভী পুড়ে মারা যায় এবং ঘররে আসবাবসহ যাবতীয় সামগ্রী ভস্মীভূত হয়। খবর পয়ে মুজবিনগর ফায়ার র্সাভসি ঘটনাস্থলে পৌঁছে আগুন নয়িন্ত্রণে আনে। ফায়ার সার্ভিসের পক্ষ থেকে ক্ষয় ক্ষতির পরিমান নিরুপন না করলেও ভুক্তভোগী কাওসার আলী ক্ষতরি পরমিাণ প্রায় তনি লক্ষ টাকা বলে জানান।

## ঝিনাইদহে ১৮৫টি কমিউনিটি

পাননি। ইনক্রিমেন্ট নেই। ক্লিনিকে যন্ত্রপাতি নেই। প্রোভাইডার ছাড়া ক্লিনিকে আর কোন কর্মচারী নিয়োগ নেই।
কমিউনিটি ক্লিনিকের সেবাদান কার্যক্রম জোরদারকরণ ও করণীয় বিষয়ক এক সেমিনারে কমিউনিটি হেলথ প্রোভাইডারা তাদের সমস্যার কথা তুলে ধরে এসব কথা বলেন। শুক্রবার বিকালে ঝিনাইদহ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এই সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে স্বাস্থ্য বিভাগসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন। কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক আখতারুজ্জামান সেমিনারের প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ঝিনাইদহ জেলা প্রশাসক মোঃহাম্মদ আব্দুল আউয়ালের সভাপতিত্বে সেমিনারে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, উপ সচিব মোহাম্মদ নাসির উদ্দিন, সিভিল সার্জন ডাঃ কামরুজ্জামান, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক রথীন্দ্রনাথ রায়,ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ কাজল, বিশিষ্ট ব্যক্তিত্ব মঞ্জুরুল কাদের, ঝিনাইদহ পরিবার পরিকল্পনা বিভাগের উপ-পরিচালক মোজাম্মেল করিম, সদর উপজেলা নিবার্হী অফিসার রিজিয়া আক্তার চৌধুরী, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মিথিলা ইসলাম, তরুণ কুমার দাস, প্রকৌশলী শামীম হোসেন, মানবাধিকার কর্মী অধ্যক্ষ আমিনুর রহমান টুকু, দৈনিক যুগান্তর প্রতিনিধি মিজানুর র, কমিউনিটি হেলথ প্রোভাইডার পারভীন সুলতানা, মাজেদুল ইসলাম, খলিলুর রহমান ও তানিয়া আক্তার,খাইরুল আলম। সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক মোঃ আখতারুজ্জামান বলেন, কমিউনিটি ক্লিনিকের বিদ্যমান সমস্যা নিরসন করে যুগপোযোগী হিসেবে গড়ে তোলা হবে। তিনি আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালনের জন্য কমিউনিটি হেলথ প্রোভাইডারদের প্রতি আহ্বান জানান।তিনি বলেন, গ্রামাঞ্চলের মানুষ যাতে কমিউনিটি ক্লিনিক থেকে প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, গর্ভবতী ও প্রসুতির স্বাস্থ্যসেবা, নবজাতক শিশুর স্বাস্থ্যসেবা, পরিবার পরিকল্পনা, পুষ্টি ও ইপিআই সেবা পান সে বিষয়টি নিশ্চিত করতে হবে। সভাপতির বক্তব্যে জেলা প্রশাসক আব্দুল আওয়াল বলেন কমিউনিটি ক্লিনিক গুলোতে যে সকল সমস্য রয়েছে সেগুলো জেলা প্রশাসন,জেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সহজেই সমাধান করা সম্ভব। কারণ স্বাস্থ্য সেবা পাওয়া মানুষের জন্মগত অধিকার। তিনি সকলকে আন্তরিক হওয়ার আবান জানান।

## প্রেমের প্রস্তাব প্রত্যাখ্যান: অ্যাসিড

দিয়ে আসছিল। রিপা সেই প্রস্তাব প্রত্যাখ্যান করলে জসিম ক্ষিপ্ত হয়ে ওঠে। এর জেরে রাতে জানালার ফাঁক দিয়ে অ্যাসিড নিক্ষেপ করে সে। চিৎকার শুনে গ্রামবাসীরা আহতদের উদ্ধার করে যশোর জেনারেল হাসপাতালে ভর্তি করেন। হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক ডা. হাসিব আল নেওয়াজ জানান, শিশু ইয়ানূরের অবস্থা আশঙ্কাজনক। রাহেলা ও রিপা খাতুন সামান্য দগ্ধ হয়েছেন। এ ঘটনায় এলাকায় চরম উদ্বেগ ও ক্ষোভ বিরাজ করছে।

## চুয়াডাঙ্গার উথলীতে মালবাহী ট্রেন

সহকারী প্রকৌশলী (ডিএমই) মো. আব্দুল হাকিম জানান, "লাইনচ্যুতির কারণে মূল লাইনের কিছু অংশ ক্ষতিগ্রস্ত হয়েছে। ট্র্যাক মেরামত ও পুনঃসংযোগ শেষ না হওয়া পর্যন্ত ট্রেন চলাচল সম্ভব নয়। আমাদের দল দ্রুততম সময়ে উদ্ধার কাজ সম্পন্ন করতে কাজ করছে।" এদিকে দুর্ঘটনার খবর ছড়িয়ে পড়লে স্থানীয় উৎসুক জনতা ভিড় করেন ঘটনাস্থলে। তবে এই দুর্ঘটনায় কেউ হতাহত হননি বলে নিশ্চিত করেছেন রেল কর্মকর্তারা। রেল যোগাযোগ বন্ধ থাকায় খুলনা, চুয়াডাঙ্গা ও ঢাকাগামী যাত্রীদের চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে। অনেক যাত্রীকে বিকল্প পরিবহনের ব্যবস্থা করতে দেখা গেছে। ঢাকাগামী যাত্রী মিজানুর রহমান বলেন, "আমার ট্রেন সন্ধ্যায় ছাড়ার কথা ছিল। এখন বলছে কবে যাবে নিশ্চিত না। অনেক কষ্ট করে পরিবার নিয়ে এসেছিলাম। বাধ্য হয়ে এখন বাসে ঢাকার দিকে রওনা হচ্ছি।" স্থানীয় বাসিন্দা ও প্রত্যক্ষদর্শী আব্দুল জলিল বলেন, "হঠাৎ বিকট শব্দ শুনে আমরা ছুটে যাই স্টেশনের দিকে। গিয়ে দেখি বগির চাকা লাইনচ্যুত হয়ে পড়ে আছে। ধোঁয়া উঠছিল, অনেক ভয় পেয়েছিলাম।" রেলওয়ে কর্তৃপক্ষ জানিয়েছে, দুর্ঘটনাকবলিত বগি অপসারণ এবং লাইনের ক্ষতিগ্রস্ত অংশ মেরামতের পর দ্রুত রেল চলাচল স্বাভাবিক করা হবে।

## কালীগঞ্জে প্রভাব খাটিয়ে সাব-

হন কর্মকর্তারা। স্থানীয় সূত্রে জানা গেছে, যশোর-ঝিনাইদহ মহাসড়কের পাশে আড়পাড়া এলাকায় খতিয়ান নম্বর ৫৩৪, দাগ নম্বর ৫৮৭-এর ২৪ শতক জমিতে ৪ কোটি ৪৮ লক্ষ টাকা ব্যয়ে সাব-রেজিস্ট্রার অফিসের ভবন নির্মাণ করে গণপূর্ত বিভাগ। প্রকল্পের ঠিকাদার ছিলেন মেসার্স মিজানুর রহমান।
তবে জমির মালিকদের অভিযোগ, প্রকৃত মালিকদের অবগত না করে, প্রয়োজনীয় ক্ষতিপূরণ না দিয়েই জমি দখল করে ভবন নির্মাণ করা হয়েছে। তাঁরা অভিযোগ করেন, বিগত সরকারের সময়, তৎকালীন সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনারের প্রভাব খাটিয়ে এই জমি জোরপূর্বক অধিগ্রহণ করা হয়। বৃহস্পতিবার বিকেলে নতুন ভবনটি উদ্বোধন করতে গেলে জেলা রেজিস্ট্রার সাব্বির আহমেদ, উপজেলা সাব-রেজিস্ট্রার রিপন মুন্সি ও কালীগঞ্জ থানার এসআই তকিবুর রহমানসহ পুলিশ সদস্যরা সেখানে উপস্থিত ছিলেন। তবে জমির মালিকদের সরব প্রতিবাদের মুখে তারা উদ্বোধন না করেই ফিরে যান। জমির মালিক নজরুল ইসলাম জানান, ওয়ারিশসহ তিনজন মালিকের ১২৪ শতক জমির মধ্যে থেকেই ২৪ শতক জমি গোপনে অধিগ্রহণ করা হয়েছে। তিনি বলেন, "জমির বিষয়ে জানতে তৎকালীন জেলা প্রশাসকের কাছে আবেদন করলেও কোনো সন্তোষজনক উত্তর পাওয়া যায়নি। বরং ক্ষতিপূরণের টাকা নিতে চাপ প্রয়োগ করা হয়।" তিনি আরও বলেন, "তৎকালীন এমপি আনার ও দলিল লেখক সমিতির সম্পাদক নাসির উদ্দিন আমাদের মার্কেট জোরপূর্বক গুড়িয়ে দিয়েছেন। এরই মধ্যে সড়ক বিভাগ একই জমির ১০ শতক অধিগ্রহণ করেছে। ওই জমি থেকে পুনরায় অধিগ্রহণ আইনবিরোধী।" এ ঘটনায় মামলা চলমান রয়েছে এবং জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট দপ্তরে লিখিত অভিযোগ জানানো হয়েছে বলে তিনি দাবি করেন। কালীগঞ্জ উপজেলা সাব-রেজিস্ট্রার রিপন মুন্সি বলেন, "গণপূর্ত বিভাগ ভবনটি হস্তান্তর করেছে। আমরা শুধু নতুন অফিস পরিদর্শনে গিয়েছিলাম। জমির মালিকদের আপত্তির কারণে আলোচনা করে ফিরে এসেছি।"

## ইউটিউবই ছিল দেলোয়ারের শিক্ষক

গিয়েছিলেন দেলোয়ার। সেখানে তিনি প্রথমবারের মতো আঙুর চাষ দেখতে পান। পরিচিত কৃষকদের বাগান ঘুরে দেখা, কথা বলা এবং চাষাবাদের নানা দিক জানার পর দেলোয়ারের মনে হয়, বাংলাদেশেও এটি সম্ভব। দেশে ফিরে আর দেরি করেননি তিনি। দেশে ফিরে এসে আঙুর চাষের জন্য প্রয়োজনীয় জ্ঞান, কৌশল ও গাছের যত্নের বিষয়গুলো শিখতে শুরু করেন ইউটিউবের ভিডিও দেখে। বিভিন্ন দেশের কৃষকের আঙুর চাষ নিয়ে বানানো ভিডিও ছিল তার প্রধান সহায়ক। প্রাথমিকভাবে কেউ তাকে উৎসাহ না দিলেও নিজের উপর আস্থা রেখে এগিয়ে যান তিনি। দেলোয়ার বলেন, "প্রথমদিকে কেউ আমার পাশে দাঁড়ায়নি। অনেকে বিদ্রুপ করত, বলত বাংলাদেশে নাকি আঙুর চাষ হয় না! কিন্তু আমি থামিনি। ইউটিউব ছিল আমার শিক্ষক। আজ যারা তখন কটাক্ষ করেছিল, তারাই এখন পরামর্শ নিতে আসছে।" শুরুতে মাত্র ১০ কাঠা জমিতে কয়েকটি চারা রোপণ করে আঙুর বাগান শুরু করেন দেলোয়ার। বাগান গঠনে তার মোট খরচ হয় প্রায় দেড় লাখ টাকা। সঠিক পরিচর্যা ও প্রযুক্তিনির্ভর চাষপদ্ধতির ফলে তার বাগানে উৎপাদিত ফলন ও গুণগত মান আশানুরূপ হয়। এ বছর তিনি আশা করছেন ৫ থেকে ৬ লাখ টাকার আঙুর বিক্রি করতে পারবেন।
বাগানে উৎপাদিত আঙুরগুলো দেখতে যেমন আকর্ষণীয়, তেমনি খেতে সুস্বাদু। ফলে স্থানীয় বাজার ছাড়াও আশপাশের বিভিন্ন এলাকা থেকে ক্রেতা এবং উৎসাহী কৃষকরা তার বাগান দেখতে আসছেন, এবং চারা সংগ্রহ করছেন। দেলোয়ারের বাবা জালাল উদ্দিন খাঁ বলেন, " ছেলে বিদেশ থেকে ফিরে অনেক কিছুই করতে পারত। কিন্তু সে ইউটিউব দেখে আঙুর চাষে মন দেয়। আমি তাকে পাশে থেকে সহযোগিতা করি। এখন অনেকেই আসে আমাদের কাছে চারা কিনতে বা পরামর্শ নিতে। এটা আমাদের জন্য অনেক বড় গর্বের বিষয়।" দেলোয়ার এখন শুধু একজন কৃষক নন, বরং একজন প্রশিক্ষক হিসেবেও পরিগণিত হচ্ছেন। অনেক তরুণ তার কাছে এসে আঙুর চাষের প্রাথমিক পরামর্শ নিচ্ছেন। তার সফলতায় অনুপ্রাণিত হয়ে স্থানীয় যুবকরাও কৃষিকে পেশা হিসেবে বেছে নিতে আগ্রহী হয়ে উঠছেন। জুগিন্দা গ্রামের তরুণ রুবেল আহমেদ বলেন, "দেলোয়ার ভাই আমাদের চোখে নতুন দৃষ্টান্ত। আমরা ভাবতাম বিদেশ না গেলে বা চাকরি না পেলে কিছুই হবে না। এখন আমরা বুঝেছি মাটিতেও সোনার ফসল ফলানো সম্ভব। আমি নিজেও আগামী মৌসুমে ১০ কাঠা জমিতে আঙুর চাষ শুরু করবো।"এছাড়া সাহারবাটি এলাকার আলিম ও আক্তার নামের দুই যুবকও জানিয়েছেন, তারা দেলোয়ারের সাফল্যে অনুপ্রাণিত হয়ে নিজেদের জমিতে আঙুর চাষ শুরু করতে যাচ্ছেন। গাংনী উপজেলা কৃষি অফিস দেলোয়ারের বাগানে সাফল্যের খবর জানতে পেরে তাকে পরামর্শ দেওয়া শুরু করেছে। উপজেলা অতিরিক্ত কৃষি অফিসার রাসেল রানা জানান, "দেলোয়ার হোসেন একজন উদ্যমী কৃষক। তার এই সাফল্যে আমরা গর্বিত। আঙুরের স্বাদ ও মান যাচাই করে দেখা হচ্ছে। যদি গুণগত মান বজায় থাকে, তবে এই চারা সারা উপজেলাসহ জেলাজুড়ে ছড়িয়ে দেওয়ার পরিকল্পনা রয়েছে।" দেলোয়ার হোসেনের এই যাত্রা শুধু একটি আঙুর বাগানের সাফল্য নয়, এটি একটি সামাজিক রূপান্তরের গল্প। যেখানে প্রযুক্তি নির্ভরতা, আত্মবিশ্বাস, শ্রম ও নিষ্ঠা মিলিয়ে এক তরুণ নিজেকে প্রতিষ্ঠিত করেছেন। তার গল্প তরুণ সমাজকে দেখিয়ে দিচ্ছে, কৃষিও হতে পারে আত্মনির্ভরতার পথ।

## হত্যার সন্দেহে দাফনের পথে

আত্মহত্যার চেষ্টা করেছে। এরপর তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। বৃহস্পতিবার সন্ধ্যায় স্বামী শিলাকে বাবার বাড়িতে রেখে চলে যান। রাতে শ্বাসকষ্ট দেখা দিলে তাকে ভেড়ামারা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। পরে ভোররাতে তার মৃত্যু হয়। নিহতের দুলাভাই আশরাফুল ইসলাম জানান, মৃত্যুর আগে শিলা তাকে জানিয়েছিলড়শ্বশুরবাড়ির লোকজন তার শরীরে তারপিন ঢেলে আগুন ধরিয়ে দিয়েছে, তবে তিনি কাউকে নির্দিষ্ট করে নাম বলেননি।শুক্রবার সকাল ১০টায় দাফনের সময় গোরস্থানে নেওয়ার পথে পুলিশ লাশ আটকে দেয়। মিরপুর থানার ওসি মোমিনুল ইসলাম জানান, ঘটনার প্রকৃত তথ্য আড়াল করা হচ্ছেড়এমন সন্দেহে পুলিশ হস্তক্ষেপ করে এবং পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলে। নিহতের শরীরের উপরের অংশ পুড়ে যাওয়া ও শ্বাসনালির ক্ষতির বিষয়টিও সন্দেহ বাড়িয়েছে। ঘটনাস্থল দৌলতপুর থানার আওতাভুক্ত হওয়ায় তদন্তের দায়িত্ব সেখানে হস্তান্তর করা হবে বলে জানান ওসি।

## মুজিবনগরে পুলিশের বিশেষ

ঝিনাইদহ জেলার কালীগঞ্জ থানার দুধরাজপুর গ্রামের কাজী আব্দুর রহমানের ছেলে মো. পারভেজ কাজী ওরফে রাব্বি (২২)। মুজিবনগর থানার দায়েরকৃত একটি মামলায় জাফর সাদেককে গ্রেফতার করা হয়, অপরদিকে পারভেজ কাজীকে পুলিশের সন্দেহজনক আচরণের কারণে ফৌঃ কাঃ বিঃ ৫৪ ধারায় আটক করা হয়। গ্রেফতারকৃতদের আইনি প্রক্রিয়া শেষে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে বলে নিশ্চিত করেছে থানা পুলিশ।
এ বিষয়ে মুজিবনগর থানা পুলিশের একজন কর্মকর্তা জানান, জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে আমাদের এই ধরনের অভিযান নিয়মিতভাবে পরিচালিত হবে।

## গাংনী উপজেলা যুবলীগের সাধারণ

অংশগ্রহণকারীদের ওপর হামলা চালান। এতে কয়েকজন আহত হন। এই ঘটনায় গাংনী পৌরসভার চৌগাছা গ্রামের রেজানুল হক ইমন বাদী হয়ে ৩৭ জনের নাম উল্লেখসহ অজ্ঞাত আরও কয়েকজনের বিরুদ্ধে গাংনী থানায় একটি মামলা দায়ের করেন। মামলা নম্বর- ১১; তারিখ: ১৯/০৮/২০২৪।মামলার অজ্ঞাতনামা আসামি হিসেবে পলাশকে গ্রেপ্তার করা হয়েছে বলে জানিয়েছে ডিবি পুলিশ।

## মেহেরপুরে বিএনপির ৩১ দফা

গণসংযোগকালে অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, "বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশনায় দেশব্যাপী যে ৩১ দফা কর্মসূচি বাস্তবায়নের আহ্বান জানানো হয়েছে, তারই ধারাবাহিকতায় আজকের এই কর্মসূচি। জনগণকে তাদের অধিকার সম্পর্কে সচেতন করতেই আমাদের এই উদ্যোগ।" গণসংযোগ ও লিফলেট বিতরণকালে উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ, সদস্য রোমানা আহমেদ, বিএনপি নেতা কাজী মিজান মেনন, অ্যাডভোকেট আবু সালেহ মো. নাসিমসহ জেলা ও উপজেলা পর্যায়ের বিএনপি এবং এর অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।কর্মসূচির সময় নেতাকর্মীরা পথচারী, দোকানদারসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সঙ্গে কুশল বিনিময় করেন এবং বিএনপির ৩১ দফা কর্মসূচির মূল বিষয়গুলো তুলে ধরেন। তারা সাধারণ মানুষের সমস্যা, মতামত ও প্রত্যাশার কথা মনোযোগ দিয়ে শুনেন। এ সময় অ্যাডভোকেট কামরুল হাসান আশ্বস্ত করে বলেন, "জনগণের অধিকার আদায়ে বিএনপি সবসময় পাশে থাকবে।"

## সাইবার নিরাপত্তায় তরুণ আছিমের

ঝলকচালু করেছে একটি অনলাইন হেল্প ডেস্ক, যেখানে সাধারণ মানুষ বিনামূল্যে যেকোনো সাইবার সমস্যার সমাধান পেতে পারেন। এটি বিশেষ করে গ্রামের মানুষের জন্য দারুণ সহায়ক হয়েছে, যাদের কাছে সাইবার নিরাপত্তা এখনও অনেকটাই অপরিচিত একটি বিষয়। মেহেরপুরের তরুণ এই উদ্যমী প্রযুক্তিবিদ আরও জানান, "আমার স্বপ্ন আমার জেলা মেহেরপুর যেন শুধু প্রযুক্তিগত দিক থেকে নয়, নিরাপত্তার দিক থেকেও দেশের সেরা হয়ে ওঠে। আমাদের সফলতা যদি দেশের অন্য অঞ্চলেও ছড়িয়ে পড়ে, তাহলে আমি আমার কাজ সফল মনে করব।" আজকের দিনে যেখানে প্রযুক্তি অনেকেই শুধুমাত্র ব্যবসায়িক লাভের হাতিয়ার হিসেবেই দেখে, সেখানে আছিম হোসেন লিয়নের মত তরুণরা প্রযুক্তিকে মানুষের সুরক্ষার সোপান হিসেবে গড়ে তুলছেন। তার এই প্রজেক্ট ও মিশন দেশের ডিজিটাল নিরাপত্তার মান বৃদ্ধি করবে বলে আশা রাখছেন সবাই। ডিজিটাল জগতের অন্ধকার থেকে মুক্তির আলো হয়ে উঠতে চাইলে দেশের প্রতিটি নাগরিকের উচিত হবে সাইবার সচেতনতা অর্জন। আর সেই যাত্রায় এগিয়ে এসেছেন মেহেরপুরের এই তরুণ, যার নাম দ্রুত ছড়িয়ে পড়ছে দেশের প্রযুক্তি-প্রেমী ও সচেতন মানুষদের মাঝে।